# উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির অক্টোবর/২০২৫ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ ঃ ০৮/১০/২০২৫ খ্রিঃ
সময় ঃ সকাল- ১১.০০ ঘঃ

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত ১৪/০৮/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভায় সদস্য সচিব জানান যে, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে নির্বাচিত জুলাই/২০২৫ হতে জুন/২০২৭ চক্রের উপকারভোগীর মাঝে আগস্ট/২০২৫ মাসের খাদ্য (চাল) আগস্ট/২০২৫ মাসে সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে এবং সেপ্টেম্বর/২০২৫ মাসে জুলাই/২০২৫ এবং সেপ্টেম্বর/২০২৫ মাসের খাদ্য (চাল) বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরের বরাদ্দ মোতাবেক সেপ্টেম্বর/২০২৫ মাসে ০৬টি ইউনিয়নের (১৫জন X ৬) = ৯০ জন উপকারভোগী নির্বাচন পূর্বক চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়েছে।

মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় সেপ্টেম্বর/২০২৫ মাসে আদায়যোগ্য খেলাপী ঋণের পরিমান = ৫৯৭১০১/- টাকা এবং আদায়ের পরিমান = ৫২৫০/- টাকা।

উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) এর উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) এর ২০২৫-২৬ অর্থ বছরের ১ম ব্যাচে (জুলাই/২০২৫ - সেপ্টেম্বর/২০২৫) আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডে ৩০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ২০২৫ শিক্ষাবর্ষে নতুন নির্বাচিত উপজেলার ০৬টি ইউনিয়নে স্থাপিত ০৬টি কিশোর-কিশোরী ক্লাবে প্রতি ক্লাবে ৩০জন করে মোট = ১৮০জন কিশোর-কিশোরীকে সঙ্গীত, আবৃত্তি ও জেন্ডার বিষয়ক প্রশিক্ষণসহ বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।

এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সদস্য সচিব আরও জানান যে, অসহায় সুবিধা বঞ্চিত নারীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর বরাদ্দকৃত অর্থের মাধ্যমে পুঁথি ও পাটজাত দ্রব্যের হস্তশিল্প বিষয়ক প্রশিক্ষণের আওতায় আনলে নারীরা পুঁথি ও পাটজাত দ্রব্যের বিভিন্ন জিনিস তৈরীর মাধ্যমে তাদের দক্ষতা বাড়বে। এই দক্ষতাকে কাজে লাগিয়ে তারা অর্থ উপার্জন করতে পারবে। তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। পারিবারিক জীবনে তাদের গুরত্ব বাড়বে। দেশের অর্থনৈতিক উন্নয়নে তারা ভুমিকা রাখবে। নারীর ক্ষমতায়ন হবে।

(চলমান পাতা- ২)

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর বরাদ্দকৃত অর্থের মাধ্যমে অসহায় সুবিধা বঞ্চিত নারীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পুঁথি ও পাটজাত দ্রব্যের হস্তশিল্প শীর্ষক প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় ও আনুষাঙ্গিক প্রয়োজনীয় কার্যাদির বিষয়ে প্রস্তাবনা উপস্থাপন।

**বাস্তবায়ন ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা খানসামা, দিনাজপুর।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৮/১০/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
খানসামা, দিনাজপুর।

## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর ঃ

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ ঃ ০৮/১০/২০২৫ খ্রিঃ
সময় ঃ সকাল- ১১.০০ ঘঃ

| ক্রঃ নং | পদবী | কমিটিতে পদ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর | সভাপতি | [signature] |
| ২ | চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউপি., খানসামা, দিনাজপুর | সদস্য | [signature] |
| ৩ | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউপি., খানসামা, দিনাজপুর | সদস্য | [signature] |
| ৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর | সদস্য | [signature] |
| ৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খানসামা, দিনাজপুর | সদস্য সচিব | [signature] 8.10.2025 |